3711 - যে নারী তার দুগ্ধপোষ্য সন্তানের ক্ষতি হওয়ার ভয়ে রোযা রাখেনি

প্রশ্ন

জনৈক নারী রমযান মাসে সন্তান প্রসব করেছেন। রমযানের পরে দুগ্ধপোষ্য সন্তানের ক্ষতি হওয়ার আশংকা থেকে রোযাগুলোর কাযা পালন করেননি। এরমধ্যে সে নারী আবার গর্ভবতী হয়েছেন এবং আগামী রমযানে প্রসব করেছেন। তার জন্যে কি রোযা রাখার পরিবর্তে অর্থ বলি করা জায়েয হবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

এ নারীর উপর ওয়াজিব হল তিনি যে দিনগুলোর রোযা রাখেননি সে দিনগুলোর বদলে রোযা রাখা। এমনকি সেটা দ্বিতীয় রমযানের পরে হলেও। কেননা তিনি প্রথম রমযান ও দ্বিতীয় রমযানের মধ্যবর্তী সময়ে ওজরের কারণে কাযা পালন থেকে বিরত থেকেছেন। আমি জানি না শীতের দিনে একদিন বাদ দিয়ে একদিন রোযা রাখা কি তার জন্যে কষ্টকর হবে; এমনকি তিনি যদি দুধ পান করান তবুও? আশা করি আল্লাহ্ তাকে সে শক্তি দিবেন এবং এভাবে রোযা রাখলে তার স্বাস্থ্যের উপর কিংবা তার দুধের উপর নেতিবাচক কোন প্রভাব পড়বে না। তাই তার উচিত যে রমযান পার হয়ে গেছে দ্বিতীয় রমযান আসার আগে সে রমযানের রোযা কাযা পালন করতে সচেষ্ট হওয়া। আর যদি সেটা সম্ভবপর না হয় তাহলে দ্বিতীয় রমযানের পরে রাখতেও কোন অসুবিধা নেই।